গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নং- ২৮২-৩/৩

তারিখঃ ১৫/০২/২০২০

আদেশ

যেহেতু, আপনি জনাব মোঃ কামরুল আহসান, উপজেলা সমবায় কর্মকর্তা, বরিশাল সদর, বরিশাল (উপজেলা সমবায় কর্মকর্তা, নেছারাবাদ, পিরোজপুর বদলির আদেশ প্রাপ্ত) এর বিরুদ্ধে কর্তব্যে অবহেলা, উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ নির্দেশ অমান্য ও দায়িত্বহীনতার কারণে সমবায় অধিদপ্তরের ২৪/০৯/২০১৯ তারিখে ৭৩/০৯পি-১২১৯(৩)-এ/ও নং স্মারক মূলে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগের কারণে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারী করা হয় এবং পত্রপ্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জবাব দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলে আপনি বিগত ০৩/১০/২০১৯ তারিখ কারণ দর্শানোর উপর দফাওয়ারী জবাব দাখিল করেন এবং ২৪/১০/২০১৯ তারিখে আপনার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

০২। যেহেতু, ব্যক্তিগত শুনানীকালে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে উপস্থাপিত মৌখিক বক্তব্য, রেকর্ডপত্র এবং দাখিলকৃত জবাব পর্যালোচনায় আপনার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অসদাচরণের অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে এবং আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪(২) বিধির (খ) উপবিধি অনুযায়ী লঘুদন্ড আরোপ করাই যৌক্তিক;

০৪। সেহেতু, আপনি জনাব মোঃ কামরুল আহসান, উপজেলা সমবায় কর্মকর্তা, বরিশাল সদর, বরিশাল (উপজেলা সমবায় কর্মকর্তা, নেছারাবাদ, পিরোজপুর বদলির আদেশ প্রাপ্ত)কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪(২)(খ) উপবিধি মোতাবেক আপনার ০২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০৫ (পাঁচ) বছরের জন্য স্থগিত রাখার দন্ড প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-মোঃ আমিনুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯১৪১১৩১

জনাব মোঃ কামরুল আহসান
উপজেলা সমবায় কর্মকর্তা
বরিশাল সদর, বরিশাল
(উপজেলা সমবায় কর্মকর্তা, নেছারাবাদ, পিরোজপুর বদলির আদেশ প্রাপ্ত)।

স্মারক সংখ্যা-১১০/০৪পি- ২৮২/১(২)-৩/৩

তারিখঃ ১৫/০২/২০২০

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।
২। উপ-নিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩। উপ-নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪। জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল/পিরোজপুর।
৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বরিশাল।
৬। উপজেলা সমবায় কর্মকর্তা, নেছারাবাদ, পিরোজপুর।
৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নেছারাবাদ, পিরোজপুর।

১৫/২/২০২০
(মোঃ আমিনুল ইসলাম)
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯১৪১১৩১